



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩- ২

তারিখঃ ২৬ মার্চ ২০১৮

প্রেস বিজ্ঞপ্তিঃ

মানবাধিকার কর্মী এডভোকেট রবীন্দ্র ঘোষের বাড়িতে হামলার ঘটনায় উদ্বেগ ও নিন্দা

বাংলাদেশ মাইনোরিটি ওয়াচ এর সভাপতি মানবাধিকার কর্মী এডভোকেট রবীন্দ্র ঘোষের বাড়িতে ২৫ মার্চ আনুমানিক রাত ১.০০ টায় শতাধিক আক্রমণকারী হামলা করে মর্মে সামাজিক যোগাযোগ মাধ্যমে জানা গেছে। আক্রমণকারীরা রবীন্দ্র ঘোষের বাড়িতে হামলা করে মূল্যবান সামগ্রী ধ্বংস করার পাশাপাশি লুট করে নিয়ে গেছে। ঘটনার সময় রবীন্দ্র ঘোষ বাড়িতে ছিলেন না এবং এ ঘটনায় তাঁর স্ত্রী কৃষ্ণা ঘোষ কামরাজিচর থানায় মামলা করেছেন। উক্ত থানার ওসি ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, এ ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং বাকিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। রবীন্দ্র ঘোষের দাবি আক্রমণকারীরা তাঁর জমি দখল করার উদ্দেশ্যে এবং ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে তাঁকে হিন্দুদের অধিকার রক্ষার কাজ থেকে বিরত রাখার উদ্দেশ্যে এ হামলা চালিয়েছে।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি বলেন, “রবীন্দ্র ঘোষের বাড়িতে হামলার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। কতিপয় সাম্প্রদায়িক ও উগ্র গোষ্ঠী অন্যান্য ধর্মের মানুষের ওপর হামলা করে সাম্প্রদায়িকতা বিনষ্ট ও দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার চেষ্টা করছে। হামলাকারীদের দ্রুত আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য আমি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি।”

ধন্যবাদান্তে

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন